গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd

১। দপ্তর/সংস্থার নাম : বাংলাদেশ শিশু একাডেমি, মানিকগঞ্জ জেলা কার্যালয়।

২। দপ্তর/সংস্থার রাজস্ব বাজেটের আওতায় জনবলের তথ্য

(ক) মোট অনুমোদিত জনবলের সংখ্যা : ০৫ জন
(খ) দপ্তরে কর্মরত মোট জনবলের সংখ্যা : ০৪ জন
(গ) শূন্য পদের সংখ্যা : ০১ টি (১৬ মে ২০২২ তারিখ থেকে লাইব্রেরিয়ান কাম মিউজিয়াম কিপারের একটি পদ শূন্য আছে)

৩। অফিস ভবনের মালিকানার ধরণ : ভাড়া । শহরের দক্ষিণ সেওতায় অবস্থিত মানিকগঞ্জ মডেল হাইস্কুলের পাচঁটি কক্ষ ভাড়া নিয়ে অফিস কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ০১ জুলাই ২০১১ খ্রি. তারিখ থেকে এই ভবন ভাড়া নেওয়া হয়।

৪। বর্তমানে এ কার্যালয়ের আওতায় চলমান কার্যক্রম:

(ক) গুরুত্বপূর্ণ কার্যক্রম : শিশুদের সাংস্কৃতিক বিকাশের লক্ষ্যে চারুকলা, নৃত্যকলা, সংগীত ও আবৃত্তি বিষয়ে বছরব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা। প্রতি বিষয়ে সপ্তাহে দুদিন শ্রেণি কার্যক্রম পরিচালনা করা হয়। মোট শিক্ষার্থীর সংখ্যা ১৮৯ জন। প্রশিক্ষকের সংখ্যা ০৫ জন।

(খ) কর্মসূচির কার্যক্রম : শিশু বিকাশ ও প্রাক প্রাথমিক কার্যক্রমের আওতায় ৬০ জন শিশুকে শিক্ষা দান করা হয়। প্রতিদিন সকাল ১০ টা থেকে ১১ টা পর্যন্ত শিশু বিকাশ এবং ১১ টা থেকে ১২ টা পর্যন্ত প্রাক প্রাথমিক শ্রেণি কার্যক্রম পরিচালনা করা হয়। মোট শিক্ষকের সংখ্যা ০২ জন। এছাড়া বিভিন্ন জাতীয় দিবস জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে উদ্‌যাপন করা হয়। বছরের বিভিন্ন সময় শিশুদের প্রতিভা বিকাশের লক্ষ্যে নানা বিষয়ে প্রতিযোগিতা আয়োজন করা হয়।

(গ) প্রকল্পসমূহের কার্যক্রম : এ কার্যালয়ে কোনো প্রকল্প চলমান নেই।

৫। বাজেট সংক্রান্ত:

(ক) পরিচালন বাজেটের আওতায় কার্যক্রমসমূহ : শিশু বিকাশ ও প্রাক প্রাথমিক কার্যক্রম, সাংস্কৃতিক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা, পুস্তক প্রদর্শনী, বইমেলায় অংশগ্রহণ, জাতীয় শোক দিবস পালন, শিশু আনন্দমেলা, সাংস্কৃতিক উৎসব, রবীন্দ্র-নজরুল জন্মজয়ন্তী, বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ উদ্‌যাপন, বিভিন্ন জাতীয় দিবস উদযাপন, বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন, কর্মকর্তা-কর্মচারীগণের বেতন, অফিস ভাড়া ইত্যাদি।

(খ) উন্নয়ন বাজেটের আওতায় কর্মসূচিসমূহ : কোনো কর্মসূচি নেই।

(গ) ননএডিপি বাজেটের আওতায় কর্মসূচিসমূহ : কোনো কর্মসূচি নেই।

৬। অফিস ব্যবস্থাপনা : পত্র প্রাপ্তি রেজিস্টার, ডায়ীর নিবন্ধন, সেবা গ্রহীতা রেজিস্টার, ক্যাশ রেজিস্টার, স্টক, রেজিস্টার, পরিদর্শন বই আছে। ই-নথি ব্যবস্থাপনা চালু হয়নি।

৭। সেবাগ্রহীতাদের গণশুনানী ও মতামত গ্রহণ : বছরে একবার অভিভাবক সমাবেশ করা হয়।

৮। বর্তমানে এ দপ্তরে বিদ্যমান সমস্যাসমূহ : মানিকগঞ্জ মডেল হাইস্কুলের পাঁচটি কক্ষ ভাড়া নিয়ে কার্যালয়টি পরিচালিত হচ্ছে। বছরের বিভিন্ন সময় নানা প্রতিযোগিতা আয়োজন, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য বড় হলরুম/ মিলনায়তন প্রয়োজন। এ জন্য নিজস্ব ভবন দরকার। জেলা শিশু কর্মকর্তা, টাঙ্গাইল,মানিকগঞ্জ জেলার অতিরিক্ত হিসেবে দায়িত্ব পালন করছেন।

৯। সমস্যা সমাধানের উপায় : (ক) মানিকগঞ্জ শহরের পশ্চিম বান্দুটিয়া মৌজায় শিশু একাডেমির নামে ২৭ শতাংশ ভূমি আছে। খতিয়ান নম্বর ১/১, দাগ নম্বর ৬৩৩/১১০৯ । ভূমিটি গত ২২/১২/২০১০ তারিখে বাংলাদেশ শিশু একাডেমি এর নামে নিবন্ধিত হয়েছে । ভূমির প্রকৃতি : বর্ষাকালে পানিতে ডুবে থাকে, শীতকালে পানি শুকিয়ে যায়। উক্ত জমিতে নিজস্ব ভবন নির্মাণ করা যেতে পারে।

(খ) টাঙ্গাইল জেলা শিশু বিষয়ক কর্মকর্তা বর্তমানে মানিকগঞ্জ জেলার অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। একজন পূর্ণকালীন কর্মকর্তা পদায়ন করা প্রয়োজন ।

০৫/১০/২০২৬

মুহাম্মদ রেজাউল কবীর
যুগ্মসচিব (প্রশাসন)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।